
यूगुठ्य

'কওমি শিক্ষকদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে'

🚨 যুগান্তর ডেস্ক



ইসলামী গণতান্ত্রিক পার্টির চেয়ারম্যান ও সাবেক সংসদ সদস্য এম এ আউয়াল।

ইসলামী গণতান্ত্রিক পার্টির চেয়ারম্যান ও সাবেক সংসদ সদস্য এম এ আউয়াল বলেছেন, বাংলাদেশের স্বাধীনতার ৫০ বছর পার হলেও দেশের কওমি মাদ্রাসাগুলোয় জাতীয় চেতনা ও সংস্কৃতিবোধ উপেক্ষার শিকার। শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে সরকারি স্বীকৃতি পেলেও ৫০ বছর ধরে দেশের জাতীয় সঙ্গীত চর্চা হয় না। এ বিষয়ে সরকারের মধ্যে উদাসীনতা কাজ করছে। আমরা অবিলম্বে এ বিষয়ে সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে ব্যবস্থা গ্রহণের দাবি জানাই।

মঙ্গলবার (১১ মে) দুপুরে রাজধানীর কলাবাগানে দলের চেয়ারম্যানের কার্যালয়ে অনুষ্ঠিত এক সভায় এম এ আউয়াল এসব কথা বলেন।

এসময় তিনি বলেন, 'কওমি মাদ্রাসাগুলোতে ছাত্র-শিক্ষকদের মধ্যে নানা অঘটনের খবর গণমাধ্যমে প্রকাশিত হচ্ছে। মাদ্রাসায় শিশুরাও নির্যাতিত হচ্ছে। এসব অন্যায়বন্ধে শিক্ষকদেরকে সচেতন করতে হবে। কওমি মাদ্রাসার শিক্ষকদের জন্য সরকারকে প্রশিক্ষণ ব্যবস্থা চালু করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।'

হেফাজতে ইসলামের নেতাদের বিরুদ্ধে সাম্প্রতিক গ্রেফতার অভিযান প্রসঙ্গে এম এ আউয়াল বলেন, 'যারা নাশকতার সঙ্গে যুক্ত, উগ্রবাদের সঙ্গে যুক্ত তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে। নিরাপরাধ কোনও আলেম যেন আইনশৃঙ্খলাবাহিনীর হয়রানির মধ্যে না পড়ে।'

ইসলামী ওয়াজ-মাহফিলের বক্তাদের বিষয়ে এম এ আউয়াল বলেন, দেশে ইসলামিক ফাউন্ডেশন রয়েছে। বঙ্গবন্ধুর সৃষ্টি এই প্রতিষ্ঠানটিকেই আলেমদের প্রশিক্ষণে এগিয়ে আসতে হবে। বক্তাদেরকে নিবন্ধনের আওতায় আনতে হবে। কোরআন হাদিসের নাম ব্যবহার করে উগ্রবাদী বক্তাদের চিহ্নিত করে তাদেরকে পরিশুদ্ধির পথে ফিরিয়ে আনতে হবে। এজন্য ইসলামিক ফাউন্ডেশনকেই ভূমিকা রাখতে হবে।

সভায় দলের মহাসচিব অ্যাডভোকেট নুরুল ইসলাম খানসহ কেন্দ্রীয় নেতারা উপস্থিত ছিলেন।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স: ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং: ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন: ৯৮২৪০৬২,

ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও Developed by The Daily Jugantor © 2021 অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।